




AGARTALA PRESS CLUB

প্রেস বিবৃতি

আগরতলা, ১০ই ফেব্রুয়ারী : গত মঙ্গলবার রাতে আগরতলা প্রেস ক্লাবের উদ্যোগে সুনির্দিষ্ট অভিযোগের ভিত্তিতে দুই ভূয়ো সাংবাদিককে পুলিশের হাতে তুলে দেওয়া হয়। উদ্যোগ টিভি নাম দিয়ে গোর্থাবাস্তি এলাকায় দীর্ঘদিন ধরে কানাই লাল আচার্য নামে এক যুবক ও তার সাগরেদরা একটি ইউটিউব চ্যানেল খুলে সমাজের বিভিন্ন স্তরের লোকেদের বিরুদ্ধে ভূয়ো খবর দেখিয়ে তোলাবাজি করে আসছিলো। গত কিছুদিন ধরে তাদের নজর পরে আগরতলা শহরের প্রতিষ্ঠিত কয়েকজন ডাক্তারের উপর। ডঃ সঞ্জয় নাথ, প্যাথলজিস্ট, ডঃ সংগীতা চক্রবর্তী, ডিস্ট্রিক্ট হেলথ অফিসার পশ্চিম ত্রিপুরা জেলা ও ডঃ অমিতাভ রায়, গেস্ট্রোএনটোলজিস্ট এই তিনজনকে গত কয়েকদিন ধরে এই চক্রটি নিজেদের সাংবাদিক পরিচয় দিয়ে খবর করার হুমকি দিয়ে নগদ টাকা চাইছিলো। এমনকি ডঃ অমিতাভ রায় এর ক্লিনিকে গিয়ে ক্লিনিকের বৈধ কাগজ নেই দাবী করে এক লক্ষ টাকা চায়। অবশেষে সাংবাদিক নামধারী প্রতারকদের হাত থেকে নিস্তার পেতে ডাক্তার বাবুরা আগরতলা প্রেস ক্লাবের শরণাপন্ন হয়। প্রেস ক্লাব সম্পাদক প্রণব সরকার প্রতারকদের মঙ্গলবার রাতে ক্লাবে ডাকে, যথাক্রমে প্রতারকরা উপস্থিত হলে ক্লাব কতৃপক্ষ অভিযোগকারীদের ক্লাবে ডাকে ও পশ্চিম থানার পুলিশকে খবর দেয়। পুলিশের সামনে অভিযোগকারীরা সমস্ত তথ্য প্রমাণ তুলে ধরে ও প্রতারকদের বিরুদ্ধে অভিযোগ লিপিবদ্ধ করে। সুনির্দিষ্ট অভিযোগ ও তথ্য প্রমাণের ভিত্তিতে পুলিশ সাংবাদিক নামধারী দুই প্রতারক কানাই লাল আচার্য ও রাহুল ভট্টাচার্য কে গ্রেপ্তার করে পশ্চিম থানায় নিয়ে যায়। আগরতলা প্রেস ক্লাবের গোচরে এসেছে যে আগরতলায় বেশ কিছু ইউটিউব চ্যানেল নিজেদেরকে সংবাদ মাধ্যম বলে পরিচয় দিয়ে বিভিন্ন কুকর্মের সাথে লিপ্ত রয়েছে। আগরতলা প্রেস ক্লাব তাদেরকে সংবাদমাধ্যম বলে পরিচয় দেওয়া থেকে বিরত থাকতে অনুরোধ করছে নয়ত তাদের বিরুদ্ধে যথায় আইনি ব্যবস্থা নেবে ক্লাব কতৃপক্ষ।


(প্রণব সরকার)

সম্পাদক

Sachin Debbarman Sarani, Agartala-799 001, Tripura

Tel +91 381-232 0580 / 232 7833

E-mail : agartalapressclub@gmail.com

